



Class: 7

Science of Living

Date: 19-07-2020

Sunday

আমরা আগের সপ্তাহে জেনেছি যে, সফলতা এক বিরামহীন সফর। অর্থাৎ একটি সাফল্যের পর কাজ না করে বসে থাকলে পরবর্তী সাফল্য অর্জন করা যায় না। আবার ব্যর্থতার ভয়ে কাজ না করলেও সামনে যাওয়া এগিয়ে যাওয়া যায় না। তাই বর্তমান অবস্থাকে সবসময় গ্রাউন্ড জিরো ধরে সামনে এগিয়ে যেতে হবে।

বর্তমান অবস্থাকেই গ্রাউন্ড জিরো ধরা হয়

ব্যর্থতার বৃত্তে ঘুরপাক খাওয়া মানুষ জীবন শুরু করতে চায় হয় অতীত থেকে, নয়তো ভবিষ্যত থেকে। কালের গর্ভে হারিয়ে যাওয়া অতীত কিংবা অনাগত ভবিষ্যত থেকে জীবন শুরু করা যায় না। জীবন সবসময় শুরু করতে হয় বর্তমান থেকে অর্থাৎ যা আছে তা নিয়ে। এটিই গ্রাউন্ড জিরো। যা আপনার নেই কখনো কখনো সেটিই আপনার জন্যে বাড়তি সুবিধা বা প্লাসপয়েন্ট হয়ে উঠতে পারে- যদি আপনি জানেন যে, তার সর্বোত্তম ব্যবহার কীভাবে করতে হয়।

এটা কারো জন্য হতে পারে ব্যর্থতা। যেমন, কোথাও ইন্টারভিউ দিয়েছেন চাকরি হয় নি। তার জন্য এটাই গ্রাউন্ড জিরো। অথবা রেজাল্ট খারাপ হয়েছে- এটা গ্রাউন্ড জিরো। আবার কারো কাছে হতে পারে কোনো সাফল্য। যেমন, চাকরি পেয়েছেন অথবা ভালো রেজাল্ট করেছেন- এটা আপনার বর্তমান গ্রাউন্ড জিরো।

এটা কারো জন্য হতে পারে ব্যর্থতা। যেমন, কোথাও ইন্টারভিউ দিয়েছেন চাকরি হয় নি। তার জন্য এটাই গ্রাউন্ড জিরো। অথবা রেজাল্ট খারাপ হয়েছে- এটা গ্রাউন্ড জিরো।

আবার কারো কাছে হতে পারে কোনো সাফল্য। যেমন, চাকরি পেয়েছেন অথবা ভালো রেজাল্ট করেছেন- এটা আপনার বর্তমান গ্রাউন্ড জিরো। সাফল্যের গ্রাউন্ড জিরো সূত্রের মূল কথা আপনার বর্তমান অবস্থা যা-ই হোক, সেটিকে দেখতে হবে নতুন কার্যক্রম, নতুন সাফল্যের ভিত্তিভূমি হিসেবে। কারণ সাফল্য একটি চলমান প্রক্রিয়ার নাম।

সফল মানুষেরা ব্যর্থতায় হতাশ না হয়ে, ব্যর্থতার মধ্যেই সাফল্যের বীজ খুঁজে নিয়ে নতুন উদ্যমে লক্ষ্যপানে এগিয়ে গিয়েছেন।

আবার আমরা সাময়িক সাফল্যে আত্মতৃপ্ত হয়ে যাই। এজন্য একটি লক্ষ্য অর্জনের পর সামনে নতুন কোনো লক্ষ্য থাকে না। এভাবে আমরা পিছিয়ে যাই। সাফল্য এমন একটি যাত্রা যেখানে প্রতিটি ধাপকে মনে করতে হবে একেকটি গ্রাউন্ড জিরো, অর্থাৎ নতুন সাফল্যের ভিত্তি।

কেউ যদি মনে করে সে তো জিরোতে নাই আছে মাইনাসে সেক্ষেত্রে মাইনাসই হবে তার গ্রাউন্ড জিরো। অধিকাংশ সফল মানুষ মাইনাস অবস্থায়ই জন্মগ্রহণ করেছেন। গ্রীক মহাকাবি হোমার দৃষ্টিপ্রতিবন্ধী ছিলেন। অমর সুরস্রষ্টা বেটোভেন জীবনের শেষ বছরগুলোয় কানে কিছুই শুনতেন না।

পৃথিবীর সব সফল মানুষদের মধ্যে একটা সাধারণ বৈশিষ্ট্য হলো তারা প্রত্যেকে জীবনে কঠোর পরিশ্রম করেছেন। বড় হওয়ার ক্ষেত্রে এই কথাটাই শতভাগ খাঁটি যে- সাফল্যের কোনো শর্টকাট নেই। প্রচুর মেধা নিয়েও অনেকে হারিয়ে গেছেন, কারণ যথেষ্ট পরিশ্রম তারা করেন নি। আবার খুব সাধারণ অবস্থা থেকেও অনেকে কালজয়ী হয়েছেন কেবল অধ্যবসায় আর কাজের কারণে।

তাই কখনও কাজ করতে পিছপা হওয়া যাবে না। সেটা পরীক্ষার প্রস্তুতি হোক, চাকরির এসাইনমেন্ট বা প্রতিদিনের ঘরোয়া কাজই হোক। রক্ত যখন ঘাম হয়ে ঝরে সেই নোনা পানিতে সাফল্যের বীজ অঙ্কুরিত হয়।

এসাইনমেন্টঃ

১। ক) গ্রাউন্ড জিরো বলতে কী বুঝ?

খ) সাফল্য এমন একটি যাত্রা যেখানে প্রতিটি ধাপকে মনে করতে হবে একেকটি গ্রাউন্ড জিরো।- সাফল্যের প্রতিটি ধাপকে কীভাবে গ্রাউন্ড জিরো ধরে সামনে এগিয়ে যাওয়া যায় তা ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর।



ফিলিপ ক্রেইজন ৪২ বছর বয়সে
২০১০ সালে নতুন ইতিহাস করেন



মাসুদুর রহমান
১৯৯৫ সালে নতুন রেকর্ড করেন

২। একজন ফরাসি নাগরিক এবং আরেকজন কলকাতার। দুই জনই ইংলিশ চ্যানেল পাড়ি দেন এবং নতুন ইতিহাস তৈরি করেন। কেউ যদি মনে করে সে তো জিরোতে নাই আছে মাইনাসে, সেক্ষেত্রে মাইনাসই হবে তার গ্রাউন্ড জিরো। কথাটি ছবির দুইজনের ক্ষেত্রে কতটুকু সত্য তা ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর।

এসাইনমেন্ট আগামী ২৫-০৭-২০২০ শনিবারের মধ্যে samia.cosmo20@gmail.com এ মেইল করে দিবে।যারা আগের এসাইনমেন্ট দাও নি, তারা মেহেরবানি করে এই এসাইনমেন্টের সাথে জমা দিবে।***